# সফলতার চাবিকাঠি

( ইয়াকীন ও সবর )

# সফলতার চাবিকাঠি

( ইয়াকীন ও সবর )

শাইখ আহমাদ মূসা জিবরীল

ভাষান্তর

শফিউদ্দীন চৌধুরী

সাবিল

পাবলিকেশন

সাবিল
পাবলিকেশন

**সফলতার চাবিকাঠি : ইয়াকীন ও সবর**
প্রথম প্রকাশ : অক্টোবর, ২০২১

**প্রকাশক**
সাবিল পাবলিকেশন
শিকদার ম্যানশন (ইসলামি টাওয়ার সংলগ্ন)
১২-বাংলাবাজার, ঢাকা-১১০০
মুঠোফোন : ০১৮৮৮ ৭১ ৭১ ২৯

**অফলাইন পরিবেশক**
সমকালীন প্রকাশন
ইসলামি টাওয়ার (দ্বিতীয় তলা), বাংলাবাজার, ঢাকা

**অনলাইন পরিবেশক**
ওয়াফিলাইফ, রকমারি, ইসলামি বই, আলাদা বই

**সর্বোচ্চ খুচরা মূল্য : ১৩০ ৳**

© গ্রন্থস্বত্ব সংরক্ষিত
দাওয়ার উদ্দেশ্যে রেফারেন্স-বুক হিসেবে বইটির যে-কোনো অংশ ব্যবহার করা যাবে।

**বই :** সফলতার চাবিকাঠি : ইয়াকীন ও সবর

**লেখক :** শাইখ আহমাদ মূসা জিবরীল

**অনুবাদক :** শফিউদ্দীন চৌধুরী

**সম্পাদক :** হাফিজ আল মুনাদী, জুবায়ের আহমেদ

**প্রচ্ছদ :** শাহরিয়ার হোসাইন

# সূচিপত্র

## প্রথম চাবিকাঠি : ইয়াকীন


মজলুমদের কথা ....................................................১২

বিপদ-আপদ কেন আসে? ..........................................১৩

আমাদের হাতের কামাই.......................................... ১৪

উহুদ-যুদ্ধের শিক্ষা.................................................... ১৭

বিজয়ের রহস্য .......................................................২০

ভুলের মাশুল ..........................................................২১

নিজের সাথে গাদ্দারি...............................................২১

পথভ্রষ্টদের ফিতনা ..................................................২৩

গৌরবোজ্জ্বল বিধিবিধান .......................................... ২৫

অটল থাকুন, সাহায্য আসবেই ................................ ২৯

আল্লাহই সবকিছুর ওপর ক্ষমতাবান.......................... ৩২

হিকমার কী আজব ব্যাখ্যা! .....................................৩৪

মূলনীতির ক্ষেত্রে ছাড় চলে না...................................৩৬

কখন আসবে বিজয়? ........................................................ ৩৯

আল্লাহর দ্বীন বিজয়ী হবেই............................................................ ৪৪

সাচ্চা ইয়াকীন ........................................................................ ৪৫

নবিজির পদাঙ্ক অনুসরণ ............................................................. ৪৯

কুরআনের পাতায় চিন্তার খোরাক ................................................... ৫১

নবিদের পথেই কামিয়াবি................................................................ ৫৬

সমাপ্তির গল্প ........................................................................... ৫৭

## দ্বিতীয় চাবিকাঠি : সবর

মহাবিশ্বের অবিচ্ছেদ্য অংশ ............................................................ ৬০

আল্লাহ্ সবরকারীদের সঙ্গে রয়েছেন ................................................. ৬১

সবর হচ্ছে নূর ......................................................................... ৬৪

সবরের প্রকারভেদ ..................................................................... ৬৫

১) পরীক্ষা ও দুর্দশার সময় ........................................................... ৬৬

২) আল্লাহ্ তাআলার আদেশ পালনের ক্ষেত্রে ........................................ ৬৯

বিপদ আসার প্রথম কারণ ............................................................. ৬৯

বিপদ আসার দ্বিতীয় কারণ............................................................ ৭১

বিপদ আসার তৃতীয় কারণ............................................................. ৭২

আইয়ুব (আলাইহিস সালাম)-এর ধৈর্য ............................................... ৭৩

কখনোই পাপাচারের দিকে হেঁটে যাইনি................................৭৫
ইবরাহীম (আলাইহিস সালাম)-এর আনুগত্য..........................৭৮

**৩) গুনাহ থেকে বিরত থাকার বেলায় .................................. ৮০**

**সবরের বিনিময় জান্নাত .......................................................৮১**

**ফিরাউনরা সব যুগেই ছিল ..................................................৮২**

**একটি সত্য ঘটনা ...............................................................৮৫**

# প্রথম চাবিকাঠি :

# ইয়াকীন

## মজলুমদের কথা

শুরুতেই স্মরণ করছি গুতাহ[১], মিশর এবং সারা বিশ্বে জালিমের হাতে শহীদ আমাদের ভাই-বোনদের। আল্লাহ তাদেরকে ক্ষমা করুন এবং তাদের মর্যাদাকে আরও বুলন্দ করে দিন। তাদেরকে জান্নাতের সর্বোচ্চ মাকাম জান্নাতুল ফিরদাউস দান করুন। সিসি[২] এবং বাশার[৩] এই হত্যাকাণ্ড চালিয়েছে। আল্লাহ তাদেরকে তাদের সৈন্যবাহিনী-সমেত ধ্বংস করুন। যাদের অন্তরে বিন্দু পরিমাণ ইসলাম এবং ঈমান আছে, এই দৃশ্যগুলো তাদের অন্তরকে চূর্ণ-বিচূর্ণ করে দেওয়ার জন্যে যথেষ্ট।

যদ্দুর মনে পড়ে, সময়টা ছিল নব্বইয়ের দশকের মাঝামাঝি। আমি তখন বসনিয়ায় চলমান হত্যাযজ্ঞ নিয়ে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে খুতবা দিতাম। খুতবার সময় আমি বসে বসে দৃশ্যগুলোর বিবরণ দিতাম। একটা দৃশ্যের কথা কল্পনা করুন। আমার মনে আছে, বাচ্চাদের মাথাগুলোকে গর্দান থেকে আলাদা করে ওপরের দিকে ছুড়ে মারা হচ্ছিল। আমরা দৃশ্যগুলো বর্ণনা করতাম। কারণ, খুব কম মানুষের কাছেই এসবের ভিডিও পৌঁছত। তখন ওগুলো এতটা সহজলভ্য ছিল না। এখন ইউটিউব খুলুন এবং সেসব ভয়াবহ দৃশ্যগুলো দেখুন। আপনার আবেগের দুয়ারে করাঘাত করুন। সেইসব অনুভূতিকে রাতের শেষ তৃতীয়াংশের দুআয় ঢেলে দিন। অবশ্যই আল্লাহ সাড়া দেবেন, ইন-শা-আল্লাহ।

রাবিয়া কিংবা মিশরের অন্য প্রদেশগুলোতে সিসি এবং বিশ্বাসঘাতক সেনারা আমাদের ভাই-বোনদের ওপর যেসব হত্যাকাণ্ড চালাচ্ছে, তা দেখে কোনো মুমিন আনন্দিত হতে পারে না। একদল গণ্ডমূর্খ সেনাবাহিনীটিকে সীমান্তরক্ষী বলে সমর্থন দিত। এখনো অনেক জাহল এ ধরনের বুলি আওড়ায়। এক অর্থে তারা ঠিক কথাই

১. গুতাহ হলো সিরিয়ার দক্ষিণ-পশ্চিমে অবস্থিত একটি ছোট্ট শহর। - (সম্পাদক)

২. আবদিল ফাত্তাহ সিসি; মিশরের রাষ্ট্রপতি।- (সম্পাদক)

৩. বাশার আল-আসাদ; সিরিয়ার কসাই রাষ্ট্রপতি। - (সম্পাদক)